

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২২.০০৬.২১. ২৬৬৬ (৫৭৭)

তারিখ: ০৭ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিষয়: প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সনদপত্রে তথ্য সংশোধন

উপর্যুক্ত বিষয়ে ২০০৯ সাল হতে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সনদপত্র সংশোধনের নিমিত্ত মাঠ পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(ক) সনদপত্র সংশোধন সংক্রান্ত কমিটি:

- (১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
- (২) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)
- (৩) সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার)
- (৪) প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট বিদ্যালয়)

(খ) কমিটির কর্মপরিধি:

- (১) সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রথম সভাটি আহ্বান করবেন এবং পরবর্তী সভাসমূহ প্রয়োজনের নিরিখে নিয়মিত আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন;
- (২) উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ প্রাপ্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করবেন এবং কমিটি যৌক্তিক কারণ বিবেচনায় রেকর্ডপত্র ও তথ্যাদির ভিত্তিতে প্রয়োজনীয় সকল ধরনের সংশোধনীর ব্যবস্থা গ্রহণ করবে;
- (৩) প্রয়োজ্য ক্ষেত্রে কমিটি আবেদনকারী/অভিভাবকের সাক্ষাতকার গ্রহণ করবে;
- (৪) সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার নিজ কার্যালয়ের প্রয়োজনীয় ডাটা সংশোধন করবেন;
- (৫) সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশোধন সংক্রান্ত কার্যবিবরণীর সাথে সংশোধিত সনদপত্রের ফটোকপি ডাটাবেজ সংশোধনের লক্ষ্যে অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;
- (৬) সংশোধিত সনদপত্র অবশ্যই উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত হবে।

২। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সনদপত্র সংশোধন সংক্রান্ত ৯ মে ২০১৬ তারিখের ৩৮.১০৭.০৩৩.০০.০০.০১৩.২০১৫-৬১০(৬৪) নম্বর স্মারক এতদ্বারা বাতিল করা হলো;

৩। ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সনদপত্র সংশোধনের ক্ষেত্রে প্রাপ্ত আবেদন পূর্বের ন্যায় প্রয়োজনীয় তথ্যাদিসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে অগ্রায়ন করবেন। অধিদপ্তর এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে সনদপত্র সংশোধন সংক্রান্ত কোন আবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ না করে কমিটির মাধ্যমে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ জেড এম নূরুল হক
পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইল: diradmindpe@gmail.com

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)


জেলা.....

২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),

উপজেলা/থানা.....জেলা.....

অনুলিপি:

- ১। পরিচালক (সকল)..... প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৬। অফিস কপি।



মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

